# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-২৯/২০১৬/১৫২১১

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

মধুপুর আদর্শ ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: মধুপুর, উপজেলা: মধুপুর, জেলা: টাঙ্গাইল-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১১-০৩-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬-০৩-২০২৫ থেকে ২৫-০৩-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. ইবতেদায়ী পর্যায়ে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে;
২. সকল শূন্যপদ পূরণ করতে হবে;
৩. কলামনার ক্যাশ বই আপডেট রাখতে হবে;
৪. সকল আয়-ব্যয় ফাইল নোটের মাধ্যমে উপস্থাপন করে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে;
৫. শ্রেণিকক্ষে মানসম্পন্ন পাঠদানের জন্য শিক্ষকদের নিয়ে দিনব্যাপী কর্মশালার আয়োজন করতে হবে;
৬. দ্রুততম সময়ের মধ্যে অধ্যক্ষের কক্ষ নির্মাণ করতে হবে;
৭. মাদরাসার প্যাড ও সাইনবোর্ডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
৮. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে এবং ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
৯. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা ও সিসি টিভির ব্যবস্থা করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;
১০. লাইব্রেরিতে মৌলিক বইয়ের সংখ্যা বাড়ানোসহ রেফারেন্স গ্রন্থ দ্বারা লাইব্রেরিকে আরও সমৃদ্ধ করতে হবে এবং প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
১১. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
১২. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি শিক্ষা সহায়ক কার্যক্রম তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১৩. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২৩/৯/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

মধুপুর আদর্শ ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: মধুপুর, উপজেলা: মধুপুর, জেলা: টাঙ্গাইল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-২৯/২০১৬/১৫২১১

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, মধুপুর আদর্শ ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: মধুপুর, উপজেলা: মধুপুর, জেলা: টাঙ্গাইল।
৭. অফিস নথি।

23.09.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫